

বড়জোড়া কলেজে অনলাইন ব্যবস্থায় পঠনপাঠন শুরু হল

বড়জোড়া কলেজের ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সেমিস্টারের সমস্ত ছাত্রছাত্রীদের সুবিধার্থে উদ্ভূত বর্তমান পরিস্থিতির কথা মাথায় রেখে কলেজের অধ্যক্ষ ড. অরুণ কুমার রায় মহাশয়ের উদ্যোগে এবং শিক্ষক ও শিক্ষিকাদের প্রচেষ্টায় অনলাইন ক্লাস, স্টাডি মেটেরিয়ালস্ / ক্লাস নোটস এর ব্যবস্থা করা হয়েছে। এ ব্যাপারে অধ্যক্ষ মহাশয় গত ২০/০৩/২০২০ তারিখে সমস্ত শিক্ষক ও শিক্ষিকাদের নোটিশ দিয়ে এই কাজে সামিল হতে বলেছিলেন এবং ছাত্রছাত্রীদেরকেও জানিয়েছিলেন। কলেজের শিক্ষক ও শিক্ষিকাগণ নিজেদের সাধ্যমত অনলাইনে ক্লাস নিচ্ছেন, স্টাডি মেটেরিয়ালস্ / ক্লাস নোটস্ তৈরী করে কলেজের মেল আইডিতে ও বিভাগীয় হোয়াটসঅ্যাপ গ্রুপে পাঠাচ্ছেন। কলেজের মেল আইডি থেকে ছাত্রছাত্রীদের মেল আইডিতে পাঠানোর ব্যবস্থাও করা হয়েছে। এই কলেজের অধ্যক্ষ মহাশয় ড. অরুণ কুমার রায় বলছেন- “এহেন পরিস্থিতিতে বিভিন্ন ভাবে কলেজের ছাত্রছাত্রীদের পাশে থাকার জন্য কলেজ কর্তৃপক্ষকে এবং সমস্ত বিভাগের শিক্ষক ও শিক্ষিকাদেরকে জানাই আন্তরিক অভিনন্দন। আশা করছি ছাত্রছাত্রীরা আমাদের এই প্রয়াসে উপকৃত হবে”। ছাত্রছাত্রীরাও কলেজের এই উদ্যোগে খুব খুশি। ছাত্রছাত্রীরা যাতে বাড়িতে বসে সব কিছু পেয়ে যায় তার জন্য একটা পোর্টাল খেলা হয়েছে। ছাত্রছাত্রীদেরকেও অনুরোধ করা হচ্ছে পোর্টাল থেকে নোটস্ গ্রহণ করতে। এই কলেজের সংস্কৃত বিভাগের ৬ষ্ঠ সেমিস্টারের ছাত্রী মৌসুমী গোড় বলছে- “আমি খুব খুশি এই পরিস্থিতিতে আমাদেরকে নোটস্ পাঠানোর ব্যবস্থা করে দেওয়ার জন্য। আমাদের বিভাগীয় শিক্ষক ও শিক্ষিকাদের অসংখ্য ধন্যবাদ ভিডিও ক্লাসের আয়োজন করার জন্য। কলেজ বন্ধ থাকলেও আমাদের পড়াশোনা ভালোই চলছে”।

Welcome to the Barjora College || NAAC Accredited with Grade-B

You have any question? 9932892165

Fees Payment

AQAR



BARJORA COLLEGE



P.O. & P.S. - Barjora,
Dist- Bankura, Pin- 722202 West Bengal

- HOME
- ABOUT US
- ADMINISTRATION
- ACADEMIC
- LIBRARY
- CURRICULAR ACTIVITIES
- CONTACT US
- ONLINE STUDY MATERIAL



- Department Of Bengali
- Department Of English
- Department Of Geography
- Department Of History
- Department Of Philosophy
- Department Of Political Science
- Department Of Sanskrit
- Department Of Economics